

উদ্ভাবনী আইডিয়া সংক্রান্ত সংক্ষিপ্ত প্রতিবেদন

বিশ্ববিদ্যালয়ের নাম: নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (নোবিপ্রবি)

নং	বিষয়	বিবরণ
১	উদ্ভাবনী উদ্যোগের নাম:	নোবিপ্রবি সফটবক্স (NSTU SOFTBOX) Motto: Advancing Communication for Better Education
২	উদ্ভাবনের সংক্ষিপ্ত বিবরণ:	সীমিত সুবিধার পেইড সনাতনী Webmail সার্ভিস প্রতিস্থাপন করে বিনামূল্যে আরও উন্নত গুগল ওয়ার্কস্পেস প্রিমিয়াম সার্ভিস প্রবর্তন করে নোবিপ্রবির ক্লাসরুম থেকে শুরু করে বৈশ্বিক কলাবরেশনে এর সুফল নিশ্চিত করাই এই উদ্ভাবনের লক্ষ্য। ইমেইলের সুষ্ঠু ব্যবহার নিশ্চিত ইমেইল নীতিমালা রিজেন্টবোর্ড কর্তৃক অনুমোদন এবং ইমেইল ইটিকেট ও ব্যবহার পদ্ধতি নিয়ে ইউটিউবে ভিডিও টিউটোরিয়াল আপলোড করা হয়েছে। সকল শিক্ষার্থীসহ বিশ্ববিদ্যালয়ের প্রায় ৮০০০ সদস্যকে ইতোমধ্যে এই ইনোভেশনের সুবিধার আওতায় আনা হয়েছে। শিক্ষকবৃন্দের মাঝে গুগল ক্লাসরুম আপলিকেশন নিয়ে বিস্তারিত প্রশিক্ষণের মাধ্যমে শিক্ষক-শিক্ষার্থীদের যোগাযোগ মাধ্যম হিসেবে ফেসবুকের ব্যবহার বন্ধ করে ডেডিকেটেড একাডেমিক প্ল্যাটফর্ম নিশ্চিত করা হয়েছে। কর্মকর্তাবৃন্দের মাঝে প্রশিক্ষণের মাধ্যমে অফিসিয়াল ইমেইলের সুষ্ঠু ব্যবহার উৎসাহিত করে এই বিশ্বাস প্রতিষ্ঠা করা হয়েছে যে – অফিসিয়াল যোগাযোগে সৃষ্ট তথ্যের মালিক আপনার প্রতিষ্ঠান এবং এর গোপনীয়তা নিশ্চিত ও সংরক্ষণ আপনার দায়িত্ব।
৩	(ক) উদ্ভাবনের পূর্বের ধাপ সংখ্যা:	উদ্ভাবনের পূর্বে মাত্র ১০০ (প্রায়) ব্যবহারকারীকে অত্যন্ত সীমিত পরিসরে সনাতনী WEBMAIL সার্ভিস প্রদান করা হত। প্রশাসনিক যোগাযোগ ছিল অরক্ষিত, শিক্ষার্থীদের সাথে শিক্ষকের যোগাযোগে/ফিডব্যাকে ব্যবহৃত হত ফেসবুক গ্রুপ। সকলের ইমেইল এড্রেস না থাকাতে একটি দাপ্তরিক চিঠি বা নোটিস সকল দপ্তরে অবহিত করতে কাগজে প্রিন্ট করতে হত প্রায় ৫০ কপি। বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-শিক্ষার্থী-কর্মকর্তা-কর্মচারী আন্তঃযোগাযোগ ভেরিফাইড ও ট্রাস্টেড করা সম্ভব হচ্ছিল না।
	(খ) উদ্ভাবনের পরের ধাপ সংখ্যা:	বিশ্ববিদ্যালয়ের ডিজিটাল যোগাযোগ নিশ্চিতকারি দপ্তর 'সাইবার সেন্টার' ডিজিট না করেই যে কেউ ইমেইল এড্রেসের আবেদন, NOC-GO ওয়েবসাইটে আপলোড সম্পন্ন করতে পারেন। এই উদ্ভাবনের ফলে ভেরিফাইড ও ট্রাস্টেড যোগাযোগ স্থাপন হয়েছে, বেচে যাচ্ছে মূল্যবান কর্মঘণ্টা।
৪	টিসিভি বিশ্লেষণ:	১। গুগল ওয়ার্কস্পেস এর এই সার্ভিসটি বিশ্ববিদ্যালয়ের একজন শিক্ষকের বিচক্ষণ যোগাযোগের কারণে বিনামূল্যে পাওয়ায় এবং বাস্তবায়নে থার্ড পার্টির সার্ভিস বা সহায়তা না নেওয়ায় বিশ্ববিদ্যালয়ের কোটি টাকা রক্ষা পেয়েছে। ২। এটি বাস্তবায়নের জন্যে নতুন কোন কর্মী ও নিয়োগ করতে হয়নি বরং সাইবার সেন্টারে অতিরিক্ত দায়িত্বে থেকেই ২ জন শিক্ষকই সফলভাবে বাস্তবায়ন করেছেন। ৩। সহস্র কর্মঘণ্টা এবং অক্লান্ত পরিশ্রমের ফলে এই উদ্যোগ সফলভাবে বাস্তবায়িত হয়ে ৮০০০+ ব্যবহারকারীকে সিকিউর অফিসিয়াল ইমেইলের সুবিধা প্রদান করা হয়েছে। ইন-হাউস প্রস্তুতকরণে বলা যায় বিনা খরচে কোটি টাকার প্রোডাক্টের সুফল নিশ্চিত করা হয়েছে।
৫	বাস্তবায়নের বর্তমান অবস্থা:	উদ্ভাবনটি বাস্তবায়িত হয়েছে এবং নোবিপ্রবির ডিজিটাল যোগাযোগে অভূতপূর্ব উন্নতি সাধিত হয়েছে।
৬	বাস্তবায়নের উপকারিতা:	১। প্রাতিষ্ঠানিক পরিচয় - শতভাগ শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা এবং প্রয়োজনীয় ক্ষেত্রে কর্মচারীদের জন্য অফিসিয়াল ইমেইল প্রদান করত বিশ্বস্ত ও নির্ভরযোগ্য দ্রুত যোগাযোগের মাধ্যম নিশ্চিত হয়েছে। সকলেরই অফিসিয়াল ইমেইল এড্রেস থাকাতে নোবিপ্রবির আরও কিছু ইনোভেটিভ প্রোডাক্টে (যেমন, অনলাইন কোর্স রেজিস্ট্রেশন, সাইকোলজিস্ট এপয়েন্টমেন্ট অ্যাপ, অটোমেটেড আইডি কার্ড জেনারেটর সফটওয়্যার) এবং ভবিষ্যৎ এ যুক্ত হবে এমন ডিজিটাল প্রোডাক্টে দ্রুত ভেরিফাইড লগইন সম্ভব হবে।

		<p>ভেরিফাইড কলাবরেটিভ ইনবক্স (গ্রুপ ইমেইল) সার্ভিসের মাধ্যমে প্রয়োজনীয় গোষ্ঠীকে (যেমন, সকল চেয়ারম্যান, সকল ডিন, বিজ্ঞান অনুষদের সকল শিক্ষার্থী ইত্যাদি) বিনা কাগজ ব্যয়ে তৎক্ষণাৎ যে কোন নোটিশ একটি ইমেইলের মাধ্যমে পৌঁছানো যাচ্ছে।</p> <p>২। শিক্ষার মানোন্নয়ন- কুইজ এবং এসাইনমেন্ট অ্যাসেসমেন্টে নতুন মাত্রা যুক্ত হয়েছে, শিক্ষার্থীদের পূর্বেই রুটিক জানানো যাচ্ছে, শিক্ষার্থীদের লেখায় প্লেজারিজম যাচাই করা যাচ্ছে এবং সহজে ফিডব্যাক প্রদান করে ভুল শুধরে দেওয়া হচ্ছে। করোনা অতিমারির সময়ে সুষ্ঠুভাবে অনলাইনে কুইজ-এসাইনমেন্ট অ্যাসেসমেন্ট ও সেমিস্টার ফাইনাল পরীক্ষা অনুষ্ঠিত করে একাডেমিক কার্যক্রম চালু রাখা গেছে।</p> <p>৩। কলাবরেশন - একাডেমিক এবং অফিসিয়াল কলাবরেশন বৃদ্ধি পেয়েছে। একই অনলাইন ফাইলে একসাথে অনেকে কাজ করতে পেরে কাজের মানোন্নয়ন ঘটানো যাচ্ছে এবং অপয়োজনীয় রিভিউ এড়িয়ে কাগজের ব্যবহার কমানো যাচ্ছে।</p> <p>৪। টেকসই পরিবেশ - প্রচুর কাগজের ব্যবহার বহুলাংশে হ্রাস করে এবং অনেক ক্ষেত্রে অপচয় বন্ধ করে বিশ্ববিদ্যালয়ের অর্থনৈতিক এবং বৈশ্বিক পরিবেশের উপর ন্যায্যতা নিশ্চিত করা হয়েছে।</p> <p>৫। ভোগান্তি হ্রাস - সাইবার সেন্টারের সাথে বিশ্ববিদ্যালয়ের সকলের যোগাযোগে টিকিট বেইসড সার্ভিস নিশ্চিত করা হয়েছে। সেবা গ্রহণে ভোগান্তি কমেছে এবং সেবা গ্রহীতাদের মধ্যে আগ্রহ বেড়েছে।</p> <p>গুগল ওয়ার্কস্পেস এর এই সার্ভিস প্যাকেজটি বেশ কয়েকটি বিশ্ববিদ্যালয়ে ব্যবহার হলেও আমরা এর ব্যবহারে প্রাতিষ্ঠানিক ন্যায্যতা ও সুবিধাভোগে এগিয়ে আছি বলেই বিশ্বাস রাখি।</p>
৭	ওয়েব এড্রেস/ অ্যাপ নেইম:	https://www.nstu.edu.bd/services.html

Fahad Hussain

স্বাক্ষর ও তারিখ

কর্মকর্তার নাম: ড. ফাহদ হুসাইন

পদবী: সহযোগী অধ্যাপক, ফার্মেসি বিভাগ, নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

ইমেইলঃ fahad@nstu.edu.bd, ফোনঃ ০১৭১৩৯২১৬৫৯